



স্মারক নং-০৫.০০.০০০০.২০০.২৫.০৩২.২০.৪৮

তারিখ: ০২ ফাল্গুন ১৪২৮
১৫ ফেব্রুয়ারি ২০২২


বিজ্ঞপ্তি

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকায় আগামী ১৪/০৩/২০২২ হতে ১২/০৫/২০২২ তারিখ পর্যন্ত ৬০ (ষাট) দিন মেয়াদে জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতায় সরকারের উপসচিব ও সমপর্যায়/সমশ্রেণীভুক্ত বিসিএস ক্যাডারভুক্ত কর্মকর্তাগণের জন্য ১৩৫তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স (এসিএডি) পরিচালিত হবে। উক্ত কোর্সে অংশগ্রহণে আগ্রহী কর্মকর্তাগণকে সংযুক্ত আবেদনছক পূরণপূর্বক আবেদনপত্র আগামী ২৮/০২/২০২২ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখার it1@mopa.gov.bd-ইমেইলে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শর্তাবলি:

- (ক) স্বাস্থ্য বিধি মেনে সামাজিক দূরত্ব বজায় রেখে বিপিএটিসি কর্তৃক কোর্সটি পরিচালিত হবে;
- (খ) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) এর অনুকূলে সংশ্লিষ্ট প্রশিক্ষণ খাতে বরাদ্দকৃত অর্থ হতে মনোনীত কর্মকর্তাগণের কোর্স ফি এবং এ প্রশিক্ষণ বাবদ অন্যান্য ব্যয় নির্বাহ করা হবে;
- (গ) কোর্স শুরুর তারিখে অনুর্ধ্ব ৫৬ বছর বয়সী কর্মকর্তাগণ কোর্সে অংশগ্রহণের জন্য আবেদন করতে পারবেন;
- (ঘ) আবেদনপত্র ছকের নির্ধারিত স্থানে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন/সুপারিশ অবশ্যই থাকতে হবে। চূড়ান্ত মনোনয়নের পর কোনক্রমেই কোর্স হতে অব্যাহতির আবেদন গ্রহণযোগ্য হবে না; এবং
- (ঙ) নির্ধারিত ছকে আবেদনপত্র প্রাপ্তির পর চূড়ান্ত মনোনয়নের তালিকা জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশ করা হবে।

সংযুক্তি: ছক ০১ পাতা


(মোহাম্মদ খালেকুজ্জামান)
উপসচিব

ফোন: +৮৮ ০২ ৯৫১৫৫২৫

ই-মেইল: it1@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। সিনিয়র সচিব/সচিব (অধীনস্থ সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ০২। রেস্ট্রার, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) সাভার, ঢাকা।
- ০৩। পরিচালক, পিপিআর অনুবিভাগ, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)।
- ০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (বিজ্ঞপ্তি ও আবেদন ফরম ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ০৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৬। অতিরিক্ত সচিব (সিপিটি)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ০৭। যুগ্মসচিব, অভ্যন্তরীণ ও বিদেশ প্রশিক্ষণ অধিশাখা -এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের অবগতির জন্য)।

১৩৫তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স (এসিএডি)-এ আবেদনের জন্য নির্ধারিত ছক

১.	কর্মকর্তার নাম:	
	(ক) বাংলায়	:
	(খ) ইংরেজিতে (বড় অক্ষরে)	:
২.	পরিচিতি নম্বর	:
৩.	বিসিএস ক্যাডারের নাম ও ব্যাচ	:
৪.	বেতন গ্রেড:	:
৫.	পদবি ও কর্মস্থল	:
৬.	জন্ম তারিখ	:
৭.	১৪/০৩/২০২২ তারিখে বয়স	:
৮.	মোবাইল ও টেলিফোন নম্বর	:
৯.	ই-মেইল	:

আবেদনকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল

আবেদনকারী কর্মকর্তাকে উল্লিখিত কোর্সে
মনোনয়ন প্রদানের সুপারিশ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল